রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন : ০৭২১-৮৬২৪৫০
ফ্যাক্স : ০৭২১-৮৬২৪৫১
ই-মেইল : dgmlad1@rakub.org.bd
ওয়েব সাইট : www.rakub.org.bd

সার্কুলার নং-০৫/২০১৬ তারিখ : ৩০.০৬.২০১৬

বিষয় : ফারমার্স ক্রেডিট লিমিট।

বাংলাদেশ ব্যাংকের কৃষি ও পল্লী ঋণ নীতিমালার আওতায় বিতরণকৃত ঋণের উল্লেখযোগ্য পরিমাণ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়। কৃষি ঋণ প্রবাহ বৃদ্ধি তথা কৃষকদের মাঝে কৃষি ঋণ সহজলভ্য করার উদ্দেশ্যে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে প্রচলিত শস্য/ফসলসহ সকল ধরণের কৃষি ঋণের পাশাপাশি ২০০৮ সাল থেকে আবর্তনশীল শস্য ঋণ (Revolving Crop Credit) কর্মসূচি চালু করা হয়। কিন্তু এ সকল ঋণ কর্মসূচির মাধ্যমে কৃষকদের, বিশেষ করে বড় কৃষকদের শস্য/ফসল উৎপাদনে প্রয়োজনীয় ব্যয় মেটানো সম্ভব হচ্ছে না। ফলে সময়মতো কাঙ্খিত পরিমাণ অর্থের অভাবে শস্য/ফসল উৎপাদন কিছুটা বাধাগ্রস্ত হচ্ছে। এমতপ্রেক্ষিতে শস্য/ফসল ঋণ কার্যক্রম অধিকতর ফলপ্রসু ও বাস্তবসম্মত করা প্রয়োজন। পাশাপাশি স্বল্পতম সময়ে ও কম খরচে কৃষকদের কৃষি খাতে বিনিয়োগের পরিসর বৃদ্ধি করা আবশ্যক।

০২। এ উদ্ভাবনী ধারণা থেকে কৃষকদের জন্য লিমিট আকারে শস্য/ফসল ঋণ প্রদানের নিমিত্ত 'ফারমার্স ক্রেডিট লিমিট' নামীয় একটি ঋণ নীতিমালা প্রণয়ন করা হয়। অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক উক্ত ঋণ নীতিমালা গৃহীত হয়েছে, যা গত ৩০.০৬.২০১৬ তারিখে অনুষ্ঠিত রাকাব পরিচালনা পর্ষদের ৪৪৩ তম সভায় অনুমোদিত হয়েছে। আলোচ্য ঋণ নীতিমালার উল্লেখযোগ্য বৈশিষ্ট্য (criteria) নিম্নরূপঃ

(১) **ঋণ কর্মসূচির নাম :**
ফারমার্স ক্রেডিট লিমিট (Farmer's Credit Limit)।

(২) **ঋণ কর্মসূচির উদ্দেশ্য :**
স্বল্পমেয়াদী ও মেয়াদী কৃষি ঋণের পাশাপাশি বার্ষিক শস্য/ফসল উৎপাদন পরিকল্পনা ও বাংলাদেশ ব্যাংকের কৃষি ও পল্লী ঋণ নিয়মাচার অনুসরণে লিমিট আকারে শস্য/ফসল ঋণ সুবিধা প্রবর্তন।

(৩) **ঋণ প্রাপ্তির যোগ্যতা :**
যে সকল কৃষক পরিবার সারা বছর বিভিন্ন ধরণের শস্য/ফসল উৎপাদন ও অন্যান্য কৃষি কর্মকান্ডের সাথে জড়িত থাকেন সে সকল কৃষক এ ঋণ সুবিধা পাওয়ার যোগ্য হবেন। **তবে প্রাথমিকভাবে পাঁচ একরের উর্দ্ধে কৃষি জমির মালিক কৃষকগণ এর আওতায় আসবেন।**

(৪) **বাস্তবায়ন এলাকা :**
রাকাবের আওতাধীন এলাকায় এ ঋণ কর্মসূচি বাস্তবায়ন করা হবে। এ ধারাবাহিকতায় প্রতিটি শাখার আওতাধীন এলাকার কৃষকগণ ঐ শাখা থেকে এ ঋণ সুবিধা গ্রহণ করতে পারবেন।

(৫) **ঋণের আবেদন :**
এ ঋণের জন্য বর্তমানে প্রচলিত চলতি পুঁজি ঋণের আবেদন ফরম (এল.এফ-৮) ব্যবহার করতে হবে। অর্থবছরের যে কোন সময় এ ঋণের জন্য আবেদন করা যাবে। আলোচ্য ঋণের জন্য কোন আবেদন ফি গ্রহণ করা হবে না, তবে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ২২.১২.২০১১ তারিখের সার্কুলার নং-১০/২০১১ মোতাবেক প্রতি হাজার টাকা ঋণ আবেদনের জন্য ৫.০০ টাকা হারে মূল্যায়ন ফি গ্রহণ করতে হবে।

(৬) **ঋণ প্রস্তাব মূল্যায়ন ও প্রক্রিয়াকরণ :**
শাখার মাঠ পর্যায়ে কর্মরত সুপারভাইজার/কর্মকর্তা নির্বিশেষে আলোচ্য ঋণ প্রস্তাব মূল্যায়ন/ প্রক্রিয়াকরণ করতে পারবেন।

(৭) **ঋণসীমা নির্ধারণ :**
এক শস্য বছরে (জুলাই-জুন) চাষযোগ্য শস্য/ফসল বিবেচনায় নিয়ে বাংলাদেশ ব্যাংকের ঋণ নিয়মাচার অনুসরণে চলতি পুঁজির চাহিদা নিরূপন করতে হবে। এভাবে প্রাক্কলিত চলতি পুঁজির ৭০ ঃ ৩০ ঋণ-ইকুইটি অনুপাতে ঋণের লিমিট (ঋণসীমা) নির্ধারণ করতে হবে (সংযুক্তি-১ দ্রষ্টব্য)।

এছাড়াও কৃষকগণ মৎস্য চাষ, হাঁস-মুরগীর খামার, গাভী খামার, গরু মোটাতাজাকরণ ইত্যাদি কৃষি কর্মকান্ড পরিচালনার জন্য পৃথক জামানতি সম্পত্তির বিপরীতে প্রচলিত নিয়মে চলতি পুঁজি ঋণ গ্রহণ করতে পারবেন। একইভাবে প্রাণিসম্পদ, মৎস্য চাষ, খামার ও সেচ যন্ত্রপাতি ইত্যাদি খাতে পৃথক জামানতি সম্পত্তির বিপরীতে মেয়াদী কৃষি ঋণ প্রদান করা যাবে।

(৮) **ঋণ মঞ্জুরির ক্ষমতা :**
এ খাতে ঋণ মঞ্জুরির ক্ষেত্রে নিম্নোক্ত ব্যবসায়িক ক্ষমতা প্রয়োগ করতে হবে : (লক্ষ টাকায়)

ব্যবস্থাপনা পরিচালক	উপ-ব্যবস্থাপনা পরিচালক/ মহাব্যবস্থাপক (পরিচালন)	মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)	উপ-মহাব্যবস্থাপক (জোনাল কার্যালয় প্রধান/ এলপিও)	সহকারী মহাব্যবস্থাপক (জোনাল কার্যালয় প্রধান)	শাখা ব্যবস্থাপক			
					সহকারী মহাব্যবস্থাপক	সিনিয়র প্রিন্সিপাল অফিসার	প্রিন্সিপাল অফিসার	সিনিয়র অফিসার/ অফিসার
৫০.০০	৩০.০০	২৫.০০	১২.০০	১২.০০	৪.০০	২.০০	১.০০	০.৫০

(৯) ঋণের জামানত :
চলতি পুঁজি (হাইপো) ঋণের প্রচলিত নিয়ম অনুযায়ী ঋণাংকের ১.৫০ গুণ কভার করে নিরূপিত মূল্যের সহায়ক জামানত গ্রহণ করতে হবে। জামানত মূল্য নিরূপনের ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ০৫.১১.২০১৩ তারিখের সার্কুলার নং-০৩/২০১৩ এর নির্দেশনা অনুসরণ করতে হবে।

(১০) ঋণের ডকুমেন্টেশন :
চলতি পুঁজি ঋণের প্রচলিত নিয়মে এ ঋণের ডকুমেন্টেশন করতে হবে। ঋণ নবায়ন মঞ্জুরির ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ২৯.০৩.২০১১ তারিখের সার্কুলার নং-০২/২০১১ এবং ০২.০৫.২০১২ তারিখের সার্কুলার লেটার নং-০৪/২০১২ অনুসরণ করতে হবে।

(১১) ঋণ বিতরণ :
মঞ্জুরিকৃত ঋণ নিরূপিত ড্রয়িং পাওয়ারের ভিত্তিতে (৭০ ঃ ৩০ অনুপাতে) বিতরণযোগ্য হবে।

(১২) ঋণ পরিশোধসূচি ও সুদের হার :
আলোচ্য ঋণের মেয়াদ হবে মঞ্জুরি/নবায়নের তারিখ থেকে এক বছর। এ ঋণের ক্ষেত্রে শস্য ঋণের প্রচলিত সুদ হার (বর্তমানে ১১%) প্রযোজ্য হবে। ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য হবে। ঋণগ্রহীতাগণ শুধুমাত্র সুদের অর্থ পরিশোধ করে লিমিট নবায়ন/বর্ধিতকরণসহ নবায়ন করতে পারবেন। তবে ঋণটি সন্দেহজনক/মন্দ মানে শ্রেণীকৃত হলে সম্পূর্ণ টাকা পরিশোধ সাপেক্ষে শুধুমাত্র নবায়ন মঞ্জুর কার্যকর করা যাবে। প্রসঙ্গত উল্লেখ্য, প্রচলিত নিয়মানুযায়ী মঞ্জুরকারী কর্তৃপক্ষের এক ধাপ নীচের কর্তৃপক্ষ ঋণ নবায়ন করতে পারবেন।

(১৩) পরিদর্শন ও তদারকি :
ঋণের যথার্থতা ও সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে শাখা ব্যবস্থাপক ফলপ্রসু তদারকির যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও শাখা ব্যবস্থাপক ব্যক্তিগতভাবে এ সকল ঋণগ্রহীতার তালিকা ও কন্টাক্ট নম্বর সংরক্ষণ করবেন। এ খাতে প্রদত্ত ঋণের টাকা কোন অবস্থাতেই শ্রেণীকৃত হতে দেয়া যাবে না।

(১৪) শাখার করণীয় :
শাখার রেজিষ্টার্ড ঋণগ্রহীতাদের মধ্য থেকে ব্যাংকার-গ্রাহক সম্পর্ক ও ঋণ পরিশোধে সুনামের অধিকারী ঋণগ্রহীতাগণকে এ খাতে ঋণ গ্রহণে অগ্রাধিকার দিতে হবে। ঋণের জামানত মূল্য নিরূপণের ক্ষেত্রে কোন অবস্থাতেই অতি মূল্যায়ন বা অবমূল্যায়ন করা যাবে না।

(১৫) হিসাবায়ন ও রিপোর্টিং :
চলতি পুঁজি ঋণ হিসাবের খাত থেকে এ ঋণ বিতরণ করতে হবে। এ খাতে বিতরণকৃত ঋণ চলমান (কৃষি) উপ-খাতে প্রদর্শন করতে হবে। মাঠ কার্যালয়সমূহ বিতরণকৃত ও আদায়কৃত ঋণের তথ্য সাপ্তাহিক/মাসিক ভিত্তিতে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করবে।

০৩। 'ফারমার্স ক্রেডিট লিমিট' নামীয় ঋণ কর্মসূচি অবিলম্বে কার্যকর হবে।

০৪। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

(খোন্দকার গোলাম মোস্তফা)
উপ-মহাব্যবস্থাপক

(মোঃ রিয়াজ উদ্দিন মিয়া)
মহাব্যবস্থাপক (পরিচালন)

সূত্র নং- প্রকা/ঋঅ-১/৪৬/২০১৫-২০১৬/৮০৪(৪৪৪)

তারিখ : ৩০.০৬.২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনষ্টিটিউট, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা/ স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
১১। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি/মহানথি।

(জগন্নাথ ঘোষ)
সহকারী মহাব্যবস্থাপক

D:\LAD-1\Business power\Busines Power\Farmars credit limit circular 05-2016.docx

সংযুক্তি-১

বার্ষিক উৎপাদন পরিকল্পনা অনুযায়ী শস্য/ফসল উৎপাদন ব্যয় প্রাক্কলন
(কৃষি/ফসলী জমির পরিমাণ ৫.৩৫ একর)

ক্রমিক নং	জমির পরিমাণ (একর)	উৎপাদন ব্যয় (টাকায়)				মোট উৎপাদন ব্যয়
		কলা	আমন	আলু	বোরো	
০১	২.২০	-	৬৪,৫০০	-	৯০,৩০০	১,৫৪,৮০০
০২	১.৮২	-	-	১,০২,৩০০	৭৪,৭০০	১,৭৭,০০০
০৩	১.৩৩	১,৪০,০০০	-	-	-	১,৪০,০০০
মোট :	৫.৩৫	১,৪০,০০০	৬৪,৫০০	১,০২,৩০০	১,৬৫,০০০	৪,৭১,৮০০

এক্ষেত্রে উপরোক্ত প্রাক্কলন (৪,৭১,৮০০/- টাকা) অনুযায়ী প্রয়োজনীয় জামানত মূল্য কভারেজ সাপেক্ষে ৭০ ঃ ৩০ ঋণ-ইকুইটি অনুপাতে আলোচ্য ঋণ আবেদনকারী/ঋণগ্রহীতাকে ৩,৩০,০০০/- টাকা সিসি লিমিট মঞ্জুর করা যাবে।

(জগন্নাথ ঘোষ)
সহকারী মহাব্যবস্থাপক

(খোন্দকার গোলাম মোস্তফা)
উপ-মহাব্যবস্থাপক